গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা ১১৭/২০১৮-১৯
ঢাকা, বৃহস্পতিবার ১৩ ডিসেম্বর ২০১৮, ২৯ অগ্রহায়ণ ১৪২৫
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। বিমানবাহিনী জাতির গর্বের প্রতীক : রাষ্ট্রপতি

২। ভোটের মাঠের প্রতিযোগিতা যেন প্রতিহিংসায় পরিণত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে : সিইসি

৩। নৌকায় ভোট দিয়ে জনগণের সেবা করার সুযোগ দেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর

৪। ফরিদপুর ও রাজবাড়ীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভা আজ

৫। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কৃতিত্ব যুব সমাজের : অর্থমন্ত্রী

৬। ৩০ ডিসেম্বর বাংলার মানুষ ব্যালটের মাধ্যমে জবাব দেবে : বাণিজ্যমন্ত্রী

৭। ৭০ সালের মতো দেশে নৌকার গণজোয়ার সৃষ্টি হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী

৮। ৩০ ডিসেম্বর পর্যন্ত বৈধ অস্ত্র বহন ও প্রদর্শন নিষিদ্ধ : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসছে :
লন্ডনভিত্তিক প্রতিষ্ঠান ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের গবেষণা

১০। সশস্ত্র বাহিনী মাঠে নামছে ২৪ ডিসেম্বর : আইনশৃঙ্খলা সংক্রান্ত সভা আজ

১১। নির্বাচনে সহিংসতা প্রতিরোধে মোটরসাইকেলের তথ্য সংগ্রহ করছে পুলিশ

১২। ডিসিদের রিটার্নিং কর্মকর্তা নিয়োগের বৈধতা প্রশ্নে হাইকোর্টের রুল
নিয়োগ স্থগিত হয়নি : অ্যাটর্নি জেনারেল

১৩। বেগম খালেদা জিয়ার প্রার্থিতা : নতুন বেঞ্চে শুনানি আজ

১৪। জাতিসংঘে ডেল্টা প্ল্যান তুলে ধরল বাংলাদেশ

১৫। বিজয়ফুল উৎসবের চূড়ান্ত পর্ব শুরু আজ

১৬। শহীদ বুদ্ধিজীবী দিবসে ডিএমপি'র বিশেষ ট্রাফিক নির্দেশনা

১। **বিমানবাহিনী জাতির গর্বের প্রতীক : রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, বাংলাদেশ বিমানবাহিনী জাতির গর্বের প্রতীক। দেশের আকাশসীমার প্রতিরক্ষা ও সার্বভৌমত্ব রক্ষার পাশাপাশি জাতীয় যে কোনো প্রয়োজনে দেশ ও জনগণের পাশে দাঁড়িয়ে বিমানবাহিনীর সদস্যগণ তাদের ওপর অর্পিত দায়িত্ব নিষ্ঠার সাথে পালন করে যাচ্ছেন। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) যশোর বিমানবাহিনী একাডেমির প্যারেড গ্রাউন্ডে বাংলাদেশ বিমানবাহিনীর ৭৫তম বাফা কোর্স ও ডিরেক্ট এন্ট্রি ২০১৮ কোর্সের কমিশন প্রাপ্তি উপলক্ষে রাষ্ট্রপতি কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। রাষ্ট্রপতি কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ এবং ফ্লাইট ক্যাডেটদের মাঝে পদক, সনদপত্র এবং ফ্লাইং ব্যাজ বিতরণ করেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

২। **ভোটের মাঠের প্রতিযোগিতা যেন প্রতিহিংসায় পরিণত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে : সিইসি**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনের প্রচার শুরুর পর দ্বিতীয় দিনেই সহিংসতা ও প্রাণহানির ঘটনায় নির্বাচন কমিশন 'বিব্রত ও ব্যথিত' বলে মন্তব্য করেছেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। তিনি বলেন, একটা মানুষের জীবন সমগ্র নির্বাচনের চেয়ে মূল্যবান। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) রাজধানীর আগারগাঁওয়ের নির্বাচন ভবনের অডিটোরিয়ামে জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটদের তৃতীয় ও শেষ দিনের ব্রিফিংয়ের উদ্বোধন অনুষ্ঠানে সিইসি এ মন্তব্য করেন। গত তিন দিনে মোট ৬৪০ জনকে ব্রিফ করা হয়। ম্যাজিস্ট্রেটদের উদ্দেশে সিইসি বলেন, ভোটের মাঠের প্রতিযোগিতা যেন প্রতিহিংসায় পরিণত না হয়, অপরাধ সংঘটনের ক্ষেত্র যাতে তৈরি না হয়, সেদিকে লক্ষ্য রাখতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.৬), **অবজারভার** (পৃ.৪,ক.৩)।

৩। **নৌকায় ভোট দিয়ে জনগণের সেবা করার সুযোগ দেওয়ার আহ্বান প্রধানমন্ত্রীর**

গোপালগঞ্জের কোটালীপাড়ায় প্রথম নির্বাচনি জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশবাসীর প্রতি উদাত্ত আহ্বান জানিয়ে বলেছেন, যারা স্বাধীনতাবিরোধী, যুদ্ধাপরাধী, আগুনসন্ত্রাসীদের নিয়ে নির্বাচনি মাঠে নেমেছে, নৌকা মার্কায় ভোট দিয়ে তাদের উপযুক্ত জবাব দিন। প্রধানমন্ত্রী বলেন, ক্ষমতায় আসলে স্বাধীনতাবিরোধীরা দেশকে ধ্বংস করে দেবে। মুক্তিযুদ্ধের চেতনাকে ধ্বংস করে দেবে। আবার এ দেশের মানুষ ক্ষুধার্ত হবে, অশিক্ষিত হবে, মানুষের ভাগ্যের বিপর্যয় ঘটবে। সেজন্যই নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামী লীগকে জনগণের সেবা করার সুযোগ দেওয়ার আহ্বান জানাচ্ছি। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) কোটালীপাড়ার উপজেলা সদরে এক জনসভায় প্রধানমন্ত্রী এসব কথা বলেন। গোপালগঞ্জে পৌঁছে প্রধানমন্ত্রী সর্বপ্রথম টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন এবং তাঁর মাজার জিয়ারত করেন। এ সময় তাঁর সঙ্গে বঙ্গবন্ধুর কনিষ্ঠ কন্যা শেখ রেহানা উপস্থিত ছিলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

৪। **ফরিদপুর ও রাজবাড়ীতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনসভা আজ**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ (১৩ ডিসেম্বর বৃহস্পতিবার) ফরিদপুর-৩ আসনে নির্বাচনি জনসভা করবেন। এ আসনে আওয়ামী লীগ মনোনীত প্রার্থী হলেন স্থানীয় সরকার মন্ত্রী ইঞ্জিনিয়ার খন্দকার মোশাররফ হোসেন। আজ বেলা ১১টায় ঢাকা-খুলনা মহাসড়কের ফরিদপুর সদর উপজেলার অম্বিকাপুর ইউনিয়নের জনসভায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বক্তৃতা দেবেন। এছাড়া প্রধানমন্ত্রী রাজবাড়ীর গোয়ালন্দ উপজেলার দৌলতদিয়ায় নির্বাচনি পথসভায় অংশ নেবেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৪)।

৫। **ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কৃতিত্ব যুব সমাজের : অর্থমন্ত্রী**

ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের কৃতিত্ব দেশের যুব সমাজের বলে মন্তব্য করেছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। তিনি বলেন, আইসিটি বা তথ্যপ্রযুক্তিখাতে বাংলাদেশের যাত্রা অনেক পরে শুরু হলেও বাংলাদেশ এখন সারাবিশ্বের লিডিং কান্ট্রি। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে ডিজিটাল বাংলাদেশ দিবস-২০১৮ এর উদ্বোধন অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। 'ডিজিটাল বাংলাদেশ হবে বঙ্গবন্ধুর সোনার বাংলা' প্রতিপাদ্যে নানা আয়োজনে সারাদেশে গতকাল দিবসটি পালিত হয়। বাংলাদেশ ডাক বিভাগ দিবসটি উপলক্ষে '২০০৮-২০১৮ ডিজিটাল বাংলাদেশের ১০ বছর' উপলক্ষে ১০ টাকা মূল্যমানের একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করেছে। এ দিবস পালনের অংশ হিসেবে ৬ ব্যক্তি ও ৪ প্রতিষ্ঠানকে দেওয়া হয়েছে ডিজিটাল বাংলাদেশ সম্মাননা। ২০০৮ সালের ১২ ডিসেম্বর 'রূপকল্প ২০২১' এবং ডিজিটাল বাংলাদেশের ঘোষণাপত্র প্রণয়নে ভূমিকা রাখা ও ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সহযোগিতা করায় অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতকে ডিজিটাল

বাংলাদেশ-২০১৮ সম্মাননা দেওয়া হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **সমকাল** (পৃ.২,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১)।

**৬। ৩০ ডিসেম্বর বাংলার মানুষ ব্যালটের মাধ্যমে জবাব দেবে : বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশ আজ আন্তর্জাতিক বিশ্বে মর্যাদাশীল দেশ। বাংলাদেশ এখন উন্নয়নের রোল মডেল। মানুষ অবাক হয় বাংলাদেশের উন্নয়ন দেখে। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ তাঁর গাজীপুর রোডের বাসভবনে সংবাদসম্মেলনে এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **ইত্তেফাক** (পৃ.২,ক.৪)।

**৭। ৭০ সালের মতো দেশে নৌকার গণজোয়ার সৃষ্টি হয়েছে : স্বাস্থ্যমন্ত্রী**

৭০ সালের মতো দেশে নৌকার গণজোয়ার সৃষ্টি হয়েছে মন্তব্য করে স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, এবারের নির্বাচনে নৌকার বিজয় কেউ ঠেকাতে পারবে না। উন্নয়নের নেত্রী বঙ্গবন্ধুকন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনার বিজয় মানেই মুক্তিযুদ্ধের পক্ষের শক্তির বিজয়, জনগণের বিজয়। তিনি গতকাল (১২ ডিসেম্বর বুধবার) সিরাজগঞ্জ জেলার শাহজাদপুরে আওয়ামী লীগ আয়োজিত এক জনসভায় প্রধান অতিথির বক্তব্য দেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৬), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৬)।

**৮। ৩০ ডিসেম্বর পর্যন্ত বৈধ অস্ত্র বহন ও প্রদর্শন নিষিদ্ধ : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, একাদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে বৈধ অস্ত্রের মালিকদের তাদের অস্ত্র আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাছে জমা দেওয়ার প্রয়োজন নেই। ৩০ ডিসেম্বর পর্যন্ত নিজেদের জন্য তারা অস্ত্র বহন ও প্রদর্শন করতে পারবেন না। তবে আত্মরক্ষার জন্য প্রার্থীর যে বৈধ অস্ত্র রয়েছে, সেটা সঙ্গে রাখতে পারবেন, প্রদর্শন করতে পারবেন না। নির্বাচন কমিশন থেকে পাওয়া চিঠির ভিত্তিতে শীঘ্রই এ সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করা হবে। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) সচিবালয়ে একাদশ জাতীয় নির্বাচন উপলক্ষে আইনশৃঙ্খলা সংক্রান্ত এক জরুরি সভাশেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

**৯। আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসছে :**
**লন্ডনভিত্তিক প্রতিষ্ঠান ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের গবেষণা**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিজয়ী হয়ে আওয়ামী লীগ আবার সরকার গঠন করবে বলে এক প্রতিবেদনে পূর্বাভাস দিয়েছে ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিট (ইআইইউ) । যুক্তরাজ্যের লন্ডনভিত্তিক জনপ্রিয় সংবাদপত্র ‘দি ইকোনমিস্ট’ এর মূল প্রতিষ্ঠান ইকোনমিস্ট গ্রুপের একটি অঙ্গ প্রতিষ্ঠান ইআইইউ। চলতি মাসের শুরুতে বাংলাদেশ বিষয়ে কান্ট্রি ব্রিফিংয়ে তাদের গবেষণাপত্রে এ ভবিষ্যদ্বাণী করা হয়েছে। এতে বলা হয়েছে, গত কয়েক বছরে ক্ষমতায় থেকে দেশকে ভালো অর্থনৈতিক প্রবৃদ্ধির দিকে নেওয়ার কারণে প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনপ্রিয়তা ও ভাবমূর্তি নির্বাচনে দলটির পক্ষে ইতিবাচক ভূমিকা রাখবে। একইসঙ্গে দুর্বল অবস্থানের কারণে বিএনপি বা ঐক্যফ্রন্ট এ নির্বাচনে খুব বড় চ্যালেঞ্জ তৈরিতে সমর্থ হবে না। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১০। সশস্ত্র বাহিনী মাঠে নামছে ২৪ ডিসেম্বর : আইনশৃঙ্খলা সংক্রান্ত সভা আজ**

নির্বাচন কমিশন আয়োজিত একাদশ সংসদ নির্বাচনের আইনশৃঙ্খলা সংক্রান্ত বৈঠক বসতে যাচ্ছে আজ (১৩ ডিসেম্বর বৃহস্পতিবার)। বৈঠকের কার্যপত্রে নিয়মিত আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কাজে সহায়তা দিতে ২৪ ডিসেম্বর থেকে ভোটের মাঠে সশস্ত্র বাহিনীর সদস্যদের নামানোর প্রস্তাব করা হয়েছে। ভোটের দু'দিন পর অর্থাৎ ১ জানুয়ারি পর্যন্ত মাঠে থাকবেন তারা। আজকের বৈঠকে এ বিষয়সহ সার্বিক আইনশৃঙ্খলার কৌশল নির্ধারণ করা হবে। সকাল সাড়ে ১০টায় রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদার সভাপতিত্বে এ বৈঠক শুরু হবে। সারাদেশের রিটার্নিং কর্মকর্তা, পুলিশ সুপার, জেলা নির্বাচন কর্মকর্তাদের উপস্থিত থাকতে বলা হয়েছে এ বৈঠকে। পাশাপাশি সশস্ত্র বাহিনীর প্রতিনিধি, বিভিন্ন গোয়েন্দা সংস্থা ও বিজিবি, র‍্যাব ও আনসার বাহিনী প্রধানদেরও আমন্ত্রণ জানানো হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

**১১। নির্বাচনে সহিংসতা প্রতিরোধে মোটরসাইকেলের তথ্য সংগ্রহ করছে পুলিশ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনকে কেন্দ্র করে সারাদেশে মোটরসাইকেলের তথ্য সংগ্রহ করছে পুলিশ। মোটরসাইকেলের মালিকের নাম, তার মোবাইল ফোন নম্বর ও গাড়ির নম্বর নেওয়া হচ্ছে। কিছু কিছু স্থানে চালকদের

ছবিও তুলে রাখা হচ্ছে। নির্বাচনে সহিংসতায় মোটরসাইকেল ব্যবহৃত হলে, সংগৃহীত তথ্য দিয়ে ঘটনা তদন্তে সহায়তা করার জন্য পুলিশ এ উদ্যোগ নিয়েছে। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) রাজধানীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত বসিয়ে ডিএমপি'র ট্রাফিক বিভাগের সার্জেন্টরা এসব তথ্য সংগ্রহ করেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.২,ক.৪)।

**১২। ডিসিদের রিটার্নিং কর্মকর্তা নিয়োগের বৈধতা প্রশ্নে হাইকোর্টের রুল**
**নিয়োগ স্থগিত হয়নি : অ্যাটর্নি জেনারেল**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকদের রিটার্নিং কর্মকর্তা নিয়োগের বৈধতা প্রশ্নে রুল জারি করেছেন হাইকোর্ট। তবে অ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম সাংবাদিকদের জানিয়েছেন, আদালত নিয়োগ স্থগিত করেননি। তাই তাদের দায়িত্ব পালনে কোনো বাধা নেই। একটি রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ ও বিচারপতি মো. ইকবাল কবিরের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ গতকাল (১২ ডিসেম্বর বুধবার) এ রুল জারি করেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.১,ক.৬), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

**১৩। বেগম খালেদা জিয়ার প্রার্থিতা : নতুন বেঞ্চে শুনানি আজ**

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে তিন আসনে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার প্রার্থিতা বাতিলের সিদ্ধান্তের বিরুদ্ধে করা রিটের বিভক্ত আদেশের পর মামলাটি শুনানির জন্য নতুন বেঞ্চ গঠন করে দিয়েছেন প্রধান বিচারপতি সৈয়দ মাহমুদ হোসেন। মামলাটি শুনানির জন্য গতকাল (১২ ডিসেম্বর বুধবার) হাইকোর্টের জ্যেষ্ঠ বিচারপতি জে বি এম হাসানের একক বেঞ্চে নথি পাঠানো হয়েছে। দণ্ডিত খালেদা জিয়ার তিনটি আবেদনের শুনানি এ বেঞ্চে হবে। আজ (১৩ ডিসেম্বর বৃহস্পতিবার) শুনানির দিন ধার্য করেছেন আদালত। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.৪), **সংবাদ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**১৪। জাতিসংঘে ডেল্টা প্ল্যান তুলে ধরল বাংলাদেশ**

জাতিসংঘ সাধারণ পরিষদে মহাসাগর ও সমুদ্র বিষয়ক আইনের ওপর আলোচনায় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সরকারের গৃহীত দূরদর্শী 'ডেল্টা প্ল্যান ২১০০' এর কথা তুলে ধরল বাংলাদেশ স্থায়ী মিশন। গত ১১ ডিসেম্বর মঙ্গলবার নিউইয়র্কে জাতিসংঘ সাধারণ পরিষদে 'মহাসাগর ও সমুদ্র বিষয়ক আইন' এর উপর ৭৩তম জাতিসংঘ সাধারণ পরিষদ প্লেনারির এজেন্ডাভুক্ত এক আলোচনায় অংশ নেন জাতিসংঘে বাংলাদেশ স্থায়ী মিশনের চার্জ দ্য অ্যাফেয়ার্স ও উপস্থায়ী প্রতিনিধি তারেক মো. আরিফুল ইসলাম। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) ঢাকায় প্রাপ্ত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানা গেছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.২,ক.৪)।

**১৫। বিজয়ফুল উৎসবের চূড়ান্ত পর্ব শুরু আজ**

নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উদ্বুদ্ধকরণ ও মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানানোর লক্ষ্যে আজ (১৩ ডিসেম্বর বৃহস্পতিবার) জাতীয় পর্যায়ে শুরু হচ্ছে 'বিজয়ফুল উৎসব' প্রতিযোগিতার চূড়ান্ত পর্ব। মন্ত্রিপরিষদ বিভাগ ও সংস্কৃতি মন্ত্রণালয়ের যৌথ আয়োজনে সকাল সাড়ে ৯টায় শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে শুরু হবে এ উৎসব। বিজয়ফুল (শাপলা) তৈরি, মুক্তিযুদ্ধের গল্প রচনা, কবিতা রচনা, কবিতা আবৃত্তি, চিত্রাঙ্কন, একক অভিনয় ও চলচ্চিত্র নির্মাণ এ সাতটি বিষয়ের ওপর অনুষ্ঠিত হবে চূড়ান্ত প্রতিযোগিতা। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৪), **আমাদের সময়** (পৃ.৮,ক.৬)।

**১৬। শহীদ বুদ্ধিজীবী দিবসে ডিএমপি'র বিশেষ ট্রাফিক নির্দেশনা**

শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আগামীকাল ১৪ ডিসেম্বর শুক্রবার রাজধানীর কয়েকটি সড়কে যানবাহন চলাচল বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। গতকাল (১২ ডিসেম্বর বুধবার) ডিএমপি কমিশনার আছাদুজ্জামান মিয়ার এক জরুরি বার্তায় এ তথ্য জানানো হয়। বার্তায় বলা হয়েছে, শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রীসহ বিভিন্ন সংগঠনের নেতারা মিরপুরের শহীদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধে যাবেন। এ কারণে আগামীকাল শুক্রবার সকাল ৬টা থেকে সাড়ে ৯টা পর্যন্ত মিরপুর মাজার রোড ক্রসিং থেকে মিরপুর ১ নম্বর ক্রসিং পর্যন্ত রিকশা, ভ্যান, বাস, ট্রাক, হিউম্যান হলার, থ্রি হুইলারসহ সব ধরনের যানবাহনকে বিকল্প সড়কে চলাচল করার জন্য অনুরোধ জানানো হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.২), **ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

**সম্পাদকীয়**

ক. **সমকাল :** জঙ্গিবিরোধী চলচ্চিত্র নির্মাণ ও প্রচার করায় পরিচালক ও অভিনেতা খিজির হায়াত খানকে হত্যার পরিকল্পনা করেছিল জঙ্গিগোষ্ঠী এ খবরে উদ্বেগ প্রকাশ করে জঙ্গি মোকাবিলায় সর্বোচ্চ প্রচেষ্টার ওপর গুরুত্বারোপ।

খ. **ইত্তেফাক :** ঢাকা-চট্টগ্রাম মহাসড়কে আমদানি-রফতানি পণ্য চুরি রোধে মহাসড়কে নিরাপত্তা প্রদানে সর্বাধিক গুরুত্ব দেওয়ার সুপারিশ।

গ. **যায়যায়দিন :** দেশে জনগণের স্বাস্থ্যসেবার মতো মৌলিক অধিকার নিশ্চিত করতে সরকারি-বেসরকারিভাবে অসংখ্য চিকিৎসাকেন্দ্র গড়ে উঠলেও সেবার দাম কমছেনা উল্লেখ করে স্বাস্থ্য সুরক্ষায় সাশ্রয়ী মূল্যে চিকিৎসা দেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঘ. **যুগান্তর :** গণপরিবহণে ভাড়া নিয়ে নৈরাজ্য বন্ধ করে সড়কে শৃঙ্খলা ফিরিয়ে আনতে যথাযথ পদক্ষেপ কামনা।

ঙ. **সংবাদ :** অব্যবস্থাপনা, লোকবল সংকট ও কর্মী নিয়োগে রাজনৈতিক চাপের ফলে মুখ থুবড়ে পড়েছে পল্লী সঞ্চয় ব্যাংক উল্লেখ করে এ ব্যাংকের সাথে সাথে রাষ্ট্রায়ত্ত ও বাণিজ্যিক যেসব ব্যাংকে দীর্ঘদিন ধরে অনিয়ম ও অব্যবস্থাপনা আছে তা দূর করতে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **নিউ এজ, অবজারভার :** শিশুশ্রম বন্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি।

**উপসম্পাদকীয়**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, ক্ষুদ্র ও মাঝারি শিল্পের বিকাশ বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের অন্যতম উপায়।

**নিবন্ধ ও ফিচার**

**ইত্তেফাক** পত্রিকায় প্রকাশিত **'ভালো ছাত্র নয় ভালো মানুষ হোন'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, মনুষ্যত্ব অর্জনই হোক শিক্ষার উদ্দেশ্য

#

ডালিয়া/ফাহিমা/সাঈদা/রশীদ/মাসুম/২০১৮/৯.০০ঘন্টা